

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (প্রবর্তন : ১৯৮১ খ্রিঃ)

মূল্যমানঃ ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫, ০০,০০০ টাকা; ১০,০০,০০০ এবং ৫০,০০,০০০ টাকা

কোথায় পাওয়া যায়ঃ বাংলাদেশ ব্যাংক দেশে অবস্থিত যে কোন তফশিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানি হতে ক্রয় করা যায়।

মেয়াদঃ ৫ (পাঁচ) বছর।

মুনাফার হারঃ মেয়াদান্তে ১২.০০ % (সরল হারে)

ক্রমিক নং	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হইলে)	বিদ্যমান মুনাফার হার	১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০	৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০	৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
				পুনঃনির্ধারিত মুনাফার হার (%)			
	ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড	৬-মাস পর, কিন্তু ১২ মাসের পূর্বে	৮.৭০%	৮.৭০%	৭.৯৮%	৭.২৫%	৬.৫৩%
		১২-মাস পর, কিন্তু ১৮ মাসের পূর্বে	৯.৪৫%	৯.৪৫%	৮.৬৬%	৭.৮৮%	৭.০৯%
		১৮-মাস পর, কিন্তু ২৪ মাসের পূর্বে	১০.২০%	১০.২০%	৯.৩৫%	৮.৫০%	৭.৬৫%
		২৪-মাস পর, কিন্তু ৬০ মাসের পূর্বে	১১.২০%	১১.২০%	১০.২৭%	৯.৩৩%	৮.৪০%
		মেয়াদান্তে	১২.০০%	১২.০০%	১১.০০%	১০.০০%	৯.০০%

যারা ক্রয় করতে পারবেনঃ

- (ক) বৈধ ওয়েজ আর্নার নিজে বা আবেদনপত্রে উল্লিখিত ব্যক্তি বা বাংলাদেশে তার বেনিফিসিয়ারীর নামে বাংলাদেশী টাকা/ বৈদেশিক মুদ্রায় ক্রয় করা যায়।
- (খ) বিদেশে বাংলাদেশ মিশনে কর্মরত বাংলাদেশ সরকারের কর্মকর্তা ও কর্মচারীগণ ক্রয় করতে পারেন।
- (গ) বিদেশে লিয়েনে কর্মরত সরকারি, সংবিধিবদ্ধ, স্বায়ত্তশাসিত অথবা আধা-স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের এমপ্লয়িগন নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে এ বন্ড ক্রয় করতে পারবেন।

ক্রয়ের উর্ধ্বসীমা: কোন উর্ধ্বসীমা নেই।

অন্যান্য সুবিধাঃ

- (ক) ৪০% থেকে ৫০% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;
- (খ) ষান্মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- (গ) বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;
- (ঘ) নমিনি নিয়োগ / পরিবর্তন ও বাতিল করা যায়;
- (ঙ) হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;
- (চ) এফসি একাউন্ট থাকার বাধ্যবাধকতা নেই;
- (ছ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;
- (জ) এ বন্ডের মূল অর্থ ইউ.এস. ডলারে গ্রহণ করার সুযোগ রয়েছে।